গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

এবং

মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| প্রস্তাবনা | ০৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ০৬ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ০৭-০৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১২ |

# অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

দেশের ক্রমহ্রাসমান আবাদী জমি ও মৃত্তিকা সম্পদের যৌক্তিক, লাভজনক ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে মৃত্তিকা ও সার নমুনা বিশ্লেষণ করে সুষম মাত্রার মানসম্মত সার ব্যবহার করা অতিব জরুরী। অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং এর অধীন কেন্দ্রীয় গবেষণাগারসহ ২৩ (তেইশ) টি স্থায়ী গবেষণাগারে বিগত ৩ বছরে ৬৮,১৩৬ টি মৃত্তিকা নমুনা বিশ্লেষণ করা হয়েছে এবং ৩২,৫৯০ টি সার সুপারিশ কার্ড প্রদান করা হয়েছে। উইং-এর অধীনস্ত ১০ (দশ) টি ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা গষেনাগার মাঠ পর্যায়ে ১৬,৮০০ টি মৃত্তিকা নমুনা বিশ্লেষণ করে সমসংখ্যক সার সুপারিশ কার্ড প্রদান করেছে। মাটি পরীক্ষার পাশাপাশি কেন্দ্রীয় গবেষণাগার ও ৯ (নয়) টি স্থায়ী গবেষণাগারে ১৩,১৮৬ টি সার নমুনা বিশ্লেষণ করা হয়েছে। মাটির নমুনা সংগ্রহ ও সুষম সার ব্যবহার বিষয়ে ৯,৭২৩ জন কৃষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২১,৩০০ টি মৃত্তিকা নমুনা সংগ্রহ পদ্ধতি এবং ৪,৭২৫ টি সরেজমিনে ভেজাল সার সনাক্তকরণের পদ্ধতি বিষয়ক পুস্তিকা বিতরণ করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে পতিত জমি ব্যবহারের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রায় ২৮,৫৫০টি চারা (ফল ও সবজির) বিতরণ করা হয়েছে। সীমিত পরিসরে গবেষণা কার্যক্রম পরিচালনাসহ কৃষক, কৃষি সম্প্রসারণ কর্মী ও কৃষির সাথে সংশিষ্ট ব্যক্তিবর্গকে চাহিদা মাফিক বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

কৃষি জমির জৈব পদার্থের পরিমাণ কাঙ্খিত মাত্রার চেয়ে ক্রমান্বয়ে কমে যাওয়া। কৃষক কর্তৃক ফসল উপযোগিতা বিবেচনা না করে একই জমিতে বছরের পর বছর একই ধরনের ফসল উৎপাদনসহ ফসলের চাহিদা মোতাবেক সুষম সার ব্যবহার না করার কারনে মাটির উর্বরাশক্তি ধারাবাহিক ভাবে হ্রাস পাওয়া। এলাকা বিশেষে জমিতে লবণাক্ততা ও অম্লতার বিস্তৃতি ঘটা। যত্রতত্র গড়ে ওঠা শিল্প কারখানার অপরিশোধিত বর্জ্য দ্বারা কৃষি জমি দূষণ। উল্লিখিত বিষয়সমূহের প্রতি গণসচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে তথ্য-উপাত্ত সৃজন, নবায়ন এবং বিতরণের লক্ষ্যে গবেষণাগারে বিদ্যমান যন্ত্রপাতি সচল রাখা এবং সময়োপযোগী যন্ত্রপাতি স্থাপনসহ প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি সংগ্রহ করা।

### ভবিষ্যৎ পরিকল্পনা

স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ এবং সার সুপারিশ কার্ড প্রস্তুতকরণের ও বিতরনের সক্ষমতা বৃদ্ধি করা। ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা গষেনাগারের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান কার্যক্রম জোরদার ও সম্প্রসারণ করা। সার এর গুণগত মান নির্ণয়ে সার নমুনা বিশ্লেষণের সক্ষমতা বৃদ্ধি করা। কৃষক, কৃষি সম্প্রসারণ কর্মী ও কৃষির সাথে সংশিষ্ট ব্যক্তিবর্গের জন্য সহজ পদ্ধতিতে ভেজাল সার সনাক্তকরণ এবং মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অব্যাহত রাখা। সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল উৎপাদনের উপর গবেষণা। গবেষণাগারে বিশ্লেষণের গুনগতমান সংরক্ষণ করা। তথ্য-প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণের মাধ্যমে সেবা সহজীকরণ এবং সেবার মান বিস্তৃত করা।

### ২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা, উদ্ভিদ ও পানির নমুনা (কৃষক ,উপজেলা নির্দেশিকা হালনাগাদ এবং অন্যান্য কর্মসূচি) বিশ্লেষণ ২০,০০০ টি (প্রাপ্তি সাপেক্ষে)।
- সারের গুণগত মান নির্ণয়ের জন্য সার নমুনা বিশ্লেষণ ৪,০০০ টি (প্রাপ্তি সাপেক্ষে) ।
- ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষনাগারের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড প্রদান ৫,৬০০টি ।
- মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি ও সুষমসার ব্যবহার বিষয়ে এবং সহজ পদ্ধতিতে ভেজাল সার সনাক্তকরণ বিষয়ক কৃষক, কৃষি সম্প্রসারণ কর্মী ও কৃষির সাথে সংশিষ্ট ব্যক্তিবর্গের প্রশিক্ষণ ৪,২০০ জন।
- কোভিড-১৯ পরিস্থিতিতে জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ফল ও সবজির চারা বিতরণ ২০,৭০০টি।
- মুজিব শতবর্ষ উপলক্ষে সার সুপারিশ কার্ড বিতরণ ৭,০০০টি।
- সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল উৎপাদনের উপর গবেষণা ০৮টি।
- বিশ্লেষণের গুনগতমান সংরক্ষণের জন্য মৃত্তিকা ও সার নমুনা পূনঃবিশ্লেষণ ১০০টি।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

এবং

মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১:

## অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং এর রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প:

ভূমি ও মৃত্তিকা সম্পদের টেকসই ও লাভজনক ব্যবহার এবং মৃত্তিকা স্বাস্থ্য সুরক্ষা।

### ১.২ অভিলক্ষ্য:

মৃত্তিকা ও ভূমি সম্পদের ইনভেন্টরি তৈরী। ভূমি ও মৃত্তিকা সম্পদের সক্ষমতাভিত্তিক শ্রেণীবিন্যাস। ভূমি ও মৃত্তিকা সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য সেবা গ্রহণকারীর ব্যবহার উপযোগী নির্দেশিকা, পুস্তিকা ও সহায়িকা প্রণয়ন। সমস্যাক্লিষ্ট মৃত্তিকা ব্যবস্থাপনা। শস্য উৎপাদন বৃদ্ধির জন্য টেকসই পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে সহায়তা প্রদান।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র (সংশ্লিষ্ট অফিস কর্তৃক নির্ধারিত, সর্বোচ্চ ৫টি):

১.৩.১. মৃত্তিকা নমুনার উর্বরতার মাত্রা, উদ্ভিদ নমুনার পুষ্টি উপাদানের মান এবং পানি নমুনার সেচ উপযোগিতা নির্ধারনের জন্য বিশ্লেষণ ।

১.৩.২. মৃত্তিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ফসলের সার সুপারিশ কার্ড প্রস্তুতকরণ ও বিতরন।

১.৩.৩. সারের গুনগত মান যাচাইয়ের লক্ষ্যে সার নমুনা বিশ্লেষণ।

১.৩.৪. সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল ব্যবস্থাপনার উপর গবেষণা।

১.৩.৫. মানবসম্পদ উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর।

### সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি: (আইন/ বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

২) ই-গভর্ন্যান্স / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

## সেকশন-২

### বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংসহাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| মৃত্তিকা স্বাস্থ্য সুরক্ষার জন্য তথ্য ভান্ডার সৃস্টি। | বিশ্লেষিত মৃত্তিকা, উদ্ভিদ ও পানির নমুনা | সংখ্যা | ১৪,০৫৫ | ১৫,৬০৩ | ২০,০০০ | ২০,৫০০ | ২১,০০০ | ডিএই, এনএআরএস (ঘঅজঝ)-ইনস্টিটিউট সহ অন্যান্য সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। | এসআরডিআই এর বার্ষিক প্রতিবেদনসহ ও অন্যান্য কারিগরি প্রতিবেদন। |
| সারের গুনগত মান নির্ণয় | বিশ্লেষিত সারের নমুনা | | ২,৩৭০ | ৩,৮৬৪ | ৪,০০০ | ৪,২০০ | ৪,৫০০ | | |
| ফসল উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি। | ভ্রাম্যমান মৃত্তিকা পরীক্ষা গবেষনাগার ও স্থায়ী গবেষনাগার কর্তৃক বিশ্লেষিত মৃত্তিকা নমুনা ও বিতরনকৃত সার সুপারিশ কার্ড। | | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ | | |
| মানব সম্পদ উন্নয়ন। | প্রশিক্ষণ প্রাপ্ত বিভাগীয় প্রার্থী তথা কৃষক ও কৃষি সম্প্রসারণ কর্মী। | | ৩,৮০৫ | ৩,২৩৯ | ৪,২০০ | ৪,৫০০ | ৫,০০০ | | |
| কোভিড-১৯ পরিস্থিতিতে জমির সবোর্চ্চ ব্যবহার ও ফসল উৎপাদন বৃদ্ধি। | বিতরণকৃত ফল ও সবজির চারা । | | - | ১৬,২১০ | ২০,৭০০ | - | - | | |
| সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল ব্যবস্থাপনা। | পরিচালিত গবেষণা। | | - | - | ০৮ | ০৯ | ১০ | | |
| বিশ্লেষণের গুনগতমান সংরক্ষণ। | বিশ্লেষিত মৃত্তিকা, উদ্ভিদ,পানির ও সারের নমুনা | | - | - | ১০০ | ১২০ | ১৫০ | | |

## সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান ৭০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| ১. মৃত্তিকা নমুনার উর্বরতার মাত্রা, উদ্ভিদ নমুনার পুষ্টি উপাদানের মান এবং পানি নমুনার সেচ উপযোগিতা নির্ধারনের জন্য বিশ্লেষণ। | ২০ | ১.১ উপজেলা নির্দেশিকা হালনাগাদকরণের জন্য মৃত্তিকা নমুনা বিশ্লেষণ। | ১.১ বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৫,৭৫৪ | ৪,৭৩০ | ৫,০০০ | ৪,৫০০ | ৪,০০০ | ৩,৫০০ | ৩,০০০ | ৫,১০০ | ৫,৫০০ |
| | | ১.২ কৃষকের মৃত্তিকা নমুনা সহ অন্যান্য কর্মসূচির (গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানসহ জিও ও এনজিওর কার্যক্রেম) মাটি, পানি ও উদ্ভিদ নমুনা বিশ্লেষণ। | ১.২ বিশ্লেষিত মাটি পানি ও উদ্ভিদ নমুনা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৮,৩০১ | ১০,৮৭৩ | ১৫,০০০ | ১৩,৫০০ | ১২,০০০ | ১০,৫০০ | ৯,০০০ | ১৫,৪০০ | ১৫,৫০০ |
| ২. মৃত্তিকা পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ফসলের সার সুপারিশ কার্ড প্রস্তুতকরণ ও বিতরন। | ১০ | ২.১ এমএসটিএল এর মাধ্যমে কৃষকের মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ। | ১.১.১ বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,৬০০ | ৫,০৪০ | ৪,৪৮০ | ৩,৯২০ | ৩,৩৬০ | ৫,৬০০ | ৫,৬০০ |
| | | ২.২. স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা নমুনা বিশ্লেষণ ও উপজেলা নির্দেশিকার ভিত্তিতে সার সুপারিশ কার্ড বিতরণ। | ১.২.১ বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮,৬২৫ | ৯,৬৮৯ | ১০,০০০ | ৯,০০০ | ৮,০০০ | ৭,০০০ | ৬,০০০ | ১১,০০০ | ১১,৫০০ |
| | | মুজিব শতবর্ষ উপলক্ষে অনলাইন সার সুপারিশ কার্ড বিতরণ | ১.৩.১ বিতরণকৃত সার সুপারিশ কার্ড | সমষ্টি | সংখ্যা | ১ | - | ৫,২৬৫ | ৭,০০০ | ৬,৩০০ | ৫,৬০০ | ৪,৯০০ | ৪,২০০ | - | - |
| | | কোভিড-১৯ পরিস্থিতিতে জমির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ফল ও সবজির চারা বিতরণ | ১.৪.১ বিতরণকৃত ফল ও সবজির চারা | সমষ্টি | সংখ্যা | ১ | - | ১৬,২১০ | ২০,৭০০ | ১৮,৬৩০ | ১৬,৫৬০ | ১৪,৪৯০ | ১২,৪২০ | - | - |
| ৩. সারের গুনগত মান নির্ণয় | ৩০ | ৩.১.ডিএই এবং অন্যান্য সংস্থা কর্তৃক প্রেরিত সার নমুনা | ৩.১.১.বিশ্লেষিত সার নমুনা | সমষ্টি | সংখ্যা | ৩০ | ২,৩৭০ | ৩,৮৬৪ | ৪,০০০ | ৩,৬০০ | ৩,২০০ | ২,৮০০ | ২,৪০০ | ৪,২০০ | ৪,৫০০ |
| ৪. সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল উৎপাদন। | ৫ | ৪.১ গবেষণাগার ও মাঠপর্যায়ে গবেষণা | ৪.১.১ গবেষণালব্ধ ফলাফল | সমষ্টি | সংখ্যা | ৩ | - | - | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | ৪.২ গবেষণাগার থেকে সংগৃহীত নমুনা বিশ্লেষণ | ৪.১.২ বিশ্লেষিত নমুনা | সমষ্টি | সংখ্যা | ২ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৫০ |
| ৫. মানব সম্পদ উন্নয়ন। | ৫ | ৪.১ মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি ও সুষম সার ব্যবহার বিষয়ে এবং সহজ পদ্ধতিতে ভেজাল সার সনাক্তকরণ বিষয়ক কৃষক ও কৃষি সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ | ৪.১.১ প্রশিক্ষিত কৃষক, ও কৃষি সম্প্রসারণ কর্মী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩,৮০৫ | ৩,২৩৯ | ৪,২০০ | ৩,৭৮০ | ৩,৩৬০ | ২,৯৪০ | ২,৫২০ | ৪,৫০০ | ৫,০০০ |

| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি, পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট হিসাবে মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট হিসাবে পরিচালক, অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

... ... ... ... ... ... ... ... ... ...
পরিচালক
অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা।

২৪.০৬.২০২১
... ... ... ... ... ...
তারিখ

... ... ... ... ... ... ... ... ... ...
মহাপরিচালক
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা।

২৪.০৬.২০২১
... ... ... ... ... ...
তারিখ

## সংযোজনী-১
## শব্দসংক্ষেপ

| শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|
| এসআরডিআই | সয়েল রিসোর্স ডেভলপমেন্ট ইনস্টিটিউট |
| ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| এমএসটিএল | মোবাইল সয়েল টেস্টিং ল্যাবরেটরী |
| এনএআরএস | ন্যাশনাল এগ্রিকাল্টারাল রির্চাস সিস্টেম |

## সংযোজনী- ২
## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| স্থায়ী গবেষনাগারে মৃত্তিকা, পানি ও উদ্ভিদ নমুনা বিশ্লেষণ | বিশ্লেষিত মৃত্তিকা, পানি ও উদ্ভিদ নমুনা | অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট। | নমুনা রেজিষ্টারে অনুলিপি/ ফলাফল সীট/ বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য কারিগরি প্রতিবেদন। |
| কৃষক সেবা | বিতরণকৃত সার সুপারিশ কার্ড | অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট। | বিতরণকৃত সার সুপারিশ কার্ডের অনুলিপি। |
| সারের গুণগত মান নির্ণয় | বিশ্লেষিত সার নমুনা | অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট। | নমুনা রেজিষ্টারে অনুলিপি/ ফলাফল সীট/ বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য কারিগরি প্রতিবেদন। |
| মানব সম্পদ উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা ও কৃষক | অ্যানালাইটিকেল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট। | প্রশিক্ষণপ্রাপ্ত কৃষি কর্মী ও কৃষক রেজিষ্টারে অনুলিপি/ ট্রেনিং রেজিষ্টার। |
| সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল উৎপাদন। | গবেষণালব্ধ ফলাফল | কেন্দ্রীয় গবেষণগার | প্রকাশিত গবেষণালব্ধ ফলাফল |

## সংযোজনী-৩
## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| স্থায়ী গবেষণাগারে মৃত্তিকা, উদ্ভিদ ও পানি নমুনা বিশ্লেষণ | বিশ্লেষিত মৃত্তিকা, উদ্ভিদ ও পানি নমুনা | এসআরডিআই-এর বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয়সমূহ, ডিএই এবং কৃষি সংশ্লিষ্ট অন্যান্য গবেষণা ও সম্প্রসারণ ধর্মী প্রতিষ্ঠান। | ডিএই কর্তৃক আয়োজিত মাসিক সমন্বয় সভা, কারিগরি কমিটির সভায় অংশগ্রহণ এবং যোগাযোগের মাধ্যমে মৃত্তিকা নমুনা সংগ্রহ ও অন্যান্য বিষয়ে সমন্বয়ের মাধ্যমে। |
| স্থায়ী গবেষণাগারে সার নমুনা বিশ্লেষণ | বিশ্লেষিত সরের নমুনা | ডিএই, কাষ্টম, উৎপাদনকারী এবং আমদানীকারক প্রতিষ্ঠান। | সরাসরি/ পত্র মারফত যোগাযোগের মাধ্যমে । |
| বিশ্লেষিত নমুনার ফলাফলের ভিত্তিতে সার সুপারিশ কার্ড বিতরণ | বিতরণকৃত সার সুপারিশ কার্ড | এসআরডিআই এর অধীন বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয়সমূহ এবং কৃষি সংশ্লিষ্ট অন্যান্য গবেষণা ও সম্প্রসারন ধর্মী প্রতিষ্ঠান। | ডিএই কর্তৃক আয়োজিত মাসিক সমন্বয় সভা, কারিগরি কমিটির সভায় অংশগ্রহণ করে এবং কৃষক সমাবেশের মাধ্যমে কার্য সমাধা করা হয়। |
| মৃত্তিকা ও সার ব্যবস্থাপনা বিষয়ক কৃষক ও কৃষি কর্মীদের প্রশিক্ষণ। | প্রশিক্ষিত কৃষক ও কৃষ সম্প্রসারণ কর্মী | এসআরডিআই এর অধীন বিভাগীয় ও আঞ্চলিক কার্যালয়সমূহ ও ডিএই এবং কৃষি সংশ্লিষ্ট অন্যান্য গবেষণা ও সম্প্রসারণ ধর্মী প্রতিষ্ঠান। | ডিএই এর সহযোগীতায় কৃষক ও কৃষি সম্প্রসারণ কর্মী নির্বাচন ও প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| সমস্যাক্লিষ্ট মৃত্তিকা সংশোধণ ও ফসল উৎপাদন। | প্রকাশিত গবেষনালব্ধ ফলাফল বিষয়ক প্রবন্ধ | ডিএই ও এনএআরএস ইনস্টিটিউট | ডিএই ও এনএআরএস ইনস্টিটিউট-এর সাথে যৌথ গবেষণা। |